# বাংলাদেশের শিক্ষা

## শিক্ষা কমিশন

- দেশের শিক্ষা কমিশন-
  - ➢ **প্রথম কমিশন-** কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন (১৯৭২)
  - ➢ **দ্বিতীয় কমিশন-** মফিজউদ্দিন শিক্ষা কমিশন (১৯৮৮)
  - ➢ **তৃতীয় কমিশন-** শামসুল হক শিক্ষা কমিশন (১৯৯৭)
  - ➢ **চতুর্থ কমিশন-** এম. এ বারি শিক্ষা কমিশন (২০০২)
  - ➢ **পঞ্চম কমিশন-** মনিরুজ্জামান মিঞা শিক্ষা কমিশন (২০০৩)

## জাতীয় শিক্ষা নীতি

- **গঠিত হয়-** ৩ টি।
- **সর্বশেষ-** জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি।
- **কমিটির প্রধান ছিলেন-** অধ্যাপক কবীর চৌধুরী।
- **গঠিত হয়-** ২০১০ সালে।



কুদরত-ই-খুদা একজন বাংলাদেশি রসায়নবিদ, গ্রন্থকার এবং শিক্ষাবিদ।

## জাতীয় শিক্ষানীতি - ২০১০

- শিক্ষা ব্যবস্থার স্তর- ৩ টি
  - ➢ **প্রাথমিক স্তর-** ১ম - ৮ম শ্রেণি পর্যন্ত
  - ➢ **মাধ্যমিক স্তর-** ৯ম - ১২শ শ্রেণি পর্যন্ত
  - ➢ **উচ্চ শিক্ষা-** স্নাতক - পরবর্তী পর্যন্ত




## নিরক্ষর মুক্ত জেলা

- **জেলা-** ৭ টি
- **প্রথম গ্রাম-** কচুবাড়ী-কৃষ্টপুর, ঠাকুরগাঁও
- **প্রথম জেলা-** মাগুরা
- **সর্বশেষ জেলা-** সিরাজগঞ্জ

## শিক্ষা প্রশাসন

- **প্রাথমিক শিক্ষকদের নিয়োগ করে-** প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রধান কর্মকর্তা-** মহাপরিচালক
- **ব্যানবেইস অবস্থিত-** নীলক্ষেত, ঢাকা
- **NAPE অবস্থিত-** ময়মনসিংহ
- **প্রতিষ্ঠিত হয়-** ১৯৭৮ সালে
- **জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)-** ধানমন্ডি, ঢাকা
- **প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে দায়িত্ব পালন করেন-** DPE
- **DPE-** Directorate of Primary Education.



Scanned with CamScanner

## শিক্ষা বিষয়ক Abbreviations

- **NAPE-** National Academy for Primary Education.
- **TOEFL-** Test of English as Foreign Language.
- **SAT-** Scholastic Aptitude Test.
- **HSC-** Higher Secondary Certificate.
- **BOU-** Bangladesh Open University.
- **NAEM-** National Academy for Educational Management.
- **BANBEIS-** Bangladesh Bureau of Educational Informational and Statistics.

## বিভিন্ন ইনস্টিটিউট এর অবস্থান

- **মেরিটাইম ট্রেনিং ইনস্টিটিউট-** আগ্রাবাদ, চট্টগ্রাম
- **মিলিটারি একাডেমি-** ভাটিয়ারী, চট্টগ্রাম
- **পুলিশ একাডেমি-** সারদা, রাজশাহী
- **মেরিন একাডেমি-** জলদিয়া, চট্টগ্রাম
- **নেভাল একাডেমি-** পতেঙ্গা, চট্টগ্রাম
- **এয়ারফোর্স একাডেমি-** যশোর
- **আনসার একাডেমি-** সফিপুর, গাজীপুর
- **মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট-** শের-ই-বাংলা নগর, ঢাকা
- **মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট-** বোর্ডবাজার, গাজীপুর
- **চারুকলা ইনস্টিটিউট-** ঢাকা বিশ্ববিদ্যালয়
- **ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি-** বন্দর, নারায়ণগঞ্জ

মিলিটারি, মেরিন ও নেভাল
তিনটি একাডেমি-ই চট্টগ্রামে



## বাংলাদেশের ক্যাডেট কলেজ

- **মোট ক্যাডেট কলেজ-** ১২ টি (বালক ৯ টি ও বালিকা ৩ টি)
- **প্রথম ক্যাডেট কলেজ-** ফৌজদারহাট ক্যাডেট কলেজ (১৯৫৮)
- **ফৌজদারহাট ক্যাডেট কলেজ অবস্থিত-** চট্টগ্রামে
- **বালিকাদের জন্য গার্লস ক্যাডেট কলেজ-** ৩ টি
  - ময়মনসিংহ ক্যাডেট কলেজ
  - ফেনী ক্যাডেট কলেজ
  - জয়পুরহাট ক্যাডেট কলেজ
- **প্রথম গার্লস ক্যাডেট কলেজ-** ময়মনসিংহ ক্যাডেট কলেজ
- **সর্বশেষ গার্লস ক্যাডেট কলেজ-** জয়পুরহাট ক্যাডেট কলেজ



Scanned with CamScanner

## জাতীয় অধ্যাপক

- প্রথম জাতীয় অধ্যাপক নিয়োগ দেওয়া হয়- ১৭ মার্চ, ১৯৭৫
- প্রথম জাতীয় অধ্যাপক ছিলেন- ৩ জন
  - ➢ শিল্পাচার্য জয়নুল আবেদিন
  - ➢ অধ্যাপক আবদুর রাজ্জাক
  - ➢ ড. কাজী মোতাহের হোসেন


জাতীয় অধ্যাপকের মেয়াদ ৫ বছর। নিয়োগ দেন রাষ্ট্রপতি। প্রথম জাতীয় মহিলা অধ্যাপক ছিলেন সুফিয়া আহমেদ।



জয়নুল আবেদিন
শিল্পীদের মধ্যে তিনিই প্রথম জাতীয় অধ্যাপক হন



কাজী মোতাহের হোসেন
ঢাবিতে পদার্থ বিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিভাগে অধ্যাপনা করেন



আবদুর রাজ্জাক
ঢাবির রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ছিলেন

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বা UGC বলতে বুঝায়- সরকার ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান।
- UGC- University Grants Commission.
- প্রতিষ্ঠিত হয়- ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে।
- সদর দপ্তর- আগারগাঁও, ঢাকা।

## এক নজরে শিক্ষা ব্যবস্থা

- বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন- ড. কুদরাত-ই-খুদা কমিশন, ১৯৭২
- বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয়- ১৯৭৪ সালে
- সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হয়- ১৯৮০ সালে
- বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাস হয়- ১৯৯০ সালে
- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়- ১৯৯২ সালে (৬৮ টি উপজেলায়)
- সারা দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়- ১৯৯৩ সালে (খাদ্যের বিনিময়ে শিক্ষা)
- প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠিত হয়- ২০০৩ সালে
- প্রাথমিক শিক্ষা একাডেমী অবস্থিত- ময়মনসিংহ (ন্যাপ), ১৯৭৮ সালে প্রতিষ্ঠিত
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রধান কর্মকর্তাকে বলা হয়- মহাপরিচালক



Scanned with CamScanner

# এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

**০১. প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে যে প্রতিষ্ঠানটি দায়িত্ব পালন করে-** [DU খ' ১০-১১]
ক. ন্যাপ খ. ডিপিই গ. এনসিটিবি ঘ. পিটিআই

**০২. বাংলাদেশে প্রথম শিক্ষা কমিশন কবে গঠিত হয়?** [DU ঘ' ১০-১১]
ক. ১৯৭৫ সালে খ. ১৯৭৪ সালে গ. ১৯৭৩ সালে ঘ. ১৯৭২ সালে

**০৩. বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন-** [DU ঘ' ০৬-০৭, DU খ' ১৪-১৫]
ক. মফিজউদ্দিন কমিশন খ. শামসুল হক কমিশন
গ. মাজেদ খান কমিশন ঘ. কুদরত-ই-খুদা কমিশন

**০৪. বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাস হয়?** [DU খ' ০৫-০৬]
ক. ১৯৯২ সালে খ. ১৯৯১ সালে গ. ১৯৯০ সালে ঘ. ১৯৮৯ সালে

**০৫. বাংলাদেশে প্রথম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপিত হয়-** [DU ঘ' ০৮-০৯]
ক. ১৯৮৫ সালে খ. ১৯৮৬ সালে গ. ১৯৯৫ সালে ঘ. ১৯৯৬ সালে

**০৬. জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি কোন জেলায় অবস্থিত?** [DU ঘ' ৯৯-০০]
ক. ঢাকা খ. রাজশাহী গ. ময়মনসিংহ ঘ. বগুড়া

**০৭. কোন শ্রেণি পর্যন্ত অবৈতনিক নারী শিক্ষা চালু করা হয়েছে?** [DU ঘ' ০০-০১]
ক. ৭ম খ. ৮ম গ. ১০ম ঘ. দ্বাদশ

**০৮. আইএসবিএন যে উপকরণ চিহ্নিত করার কাজে ব্যবহৃত হয়?** [DU খ' ১৫-১৬]
ক. বই খ. সাময়িকী গ. সফট্ওয়ার ঘ. হার্ডওয়ার

**০৯. জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী প্রাথমিক শিক্ষার মেয়াদ যে ক্লাস পর্যন্ত-** [DU খ' ১১-১২]
ক. পঞ্চম শ্রেণি খ. ষষ্ঠ শ্রেণি গ. সপ্তম শ্রেণি ঘ. অষ্টম শ্রেণি

**১০. বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো কী নামে পরিচিত?** [DU ঘ' ১২-১৩]
ক. বাশিতপ খ. বিএইএস গ. ব্যানইনকশন ঘ. ব্যানবেইস

**১১. বাংলাদেশের শিল্পীদের মধ্যে জাতীয় অধ্যাপক হওয়ার গৌরব অর্জন করেন-** [DU 'F' 15-16]
ক. কামরুল হাসান খ. কাইয়ুম চৌধুরী
গ. সফিউদ্দীন আহমেদ ঘ. জয়নুল আবেদীন

**১২. পূর্ব বাংলার প্রথম সরকারি বালিকা বিদ্যালয় কোনটি?** [DU ঘ' ১২-১৩]
ক. বেথুন স্কুল খ. ঢাকা ফিমেল স্কুল
গ. ইডেন গার্লস স্কুল ঘ. বাংলাবাজার গার্লস স্কুল

**১৩. পত্রিকা পড়ে শেখা, টেলিভিশন দেখে শেখা, অন্যকে অনুসরণ করে শেখা, বিভিন্ন স্থান ভ্রমণ করে শেখা হচ্ছে শিক্ষার-** [DU খ' ১৩-১৪]
ক. আনুষ্ঠানিক পদ্ধতি খ. উপানুষ্ঠানিক পদ্ধতি
গ. অনানুষ্ঠানিক পদ্ধতি ঘ. উল্লেখিত সবকটি পদ্ধতি

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ঘ | ৩. ঘ | ৪. গ | ৫. খ | ৬. গ | ৭. ঘ | ৮. ক |
| ৯. ঘ | ১০. ঘ | ১১. ঘ | ১২. ক | ১৩. গ | | | |



Scanned with CamScanner

## বি সি এস

১৪. **শিক্ষা বিভাগের ট্রেনিং-এর শীর্ষ প্রতিষ্ঠান কোনটি?** [26 BCS/প্র বি সহকারী শিক্ষক-১১]

ক. বিয়াম খ. নায়েম গ. টিটিসি ঘ. ইউজিসি

## মেডিকেল ভর্তি পরীক্ষা

১৫. **বাংলাদেশে কতটি ক্যাডেট কলেজ রয়েছে?** [MC ০৪-০৫]

ক. ১২ টি খ. ১৪ টি গ. ১৬ টি ঘ. ১০ টি

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১৬. **জন্ম থেকে মৃত্যুর অভিজ্ঞতা অর্জনের পূর্ব পর্যন্ত মানুষ বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে যে শিক্ষা অর্জন করে তা হলো-** [জাবি ঘ' ১৫-১৬]

ক. উপ-আনুষ্ঠানিক শিক্ষা খ. পারিবারিক শিক্ষা
গ. অনানুষ্ঠানিক শিক্ষা ঘ. আনুষ্ঠানিক শিক্ষা

১৭. **বাংলাদেশের শিক্ষা কয়টি স্তরবিশিষ্ট?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী, ০৪]

ক. দুই স্তর খ. তিন স্তর গ. চার স্তর ঘ. পাঁচ স্তর

১৮. **বাংলাদেশে প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?** [প্রাথমকি বিদ্যালয় প্রধান শিক্ষক, ৯৩]

ক. ৪-৫ বছর খ. ৫-৯ বছর গ. ৩-৯ বছর ঘ. ৬-১১ বছর

১৯. **বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি করা হয় কবে?** [প্রা.বি.স.শিক্ষক ০০]

ক. ১৯৭৩ সালে খ. ১৯৭৪ সালে গ. ১৯৭৫ সালে ঘ. ১৯৭৬ সালে

২০. **বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কখন থেকে চালু করা হয়?** [রাবি-অ-বাণিজ্য গ্রুপ, ব্যবস্থাপনা, ০৮-০৯]

ক. ১ জানুয়ারি, ১৯৮৯ খ. ১ জানুয়ারি, ১৯৯০
গ. ১ জানুয়ারি, ১৯৯১ ঘ. ১ জানুয়ারি, ১৯৯২

২১. **উপমহাদেশে প্রথম নৈশ বিদ্যালয় চালু করা হয় কত সালে?** [জেলা সহকারী শিক্ষা অফিসার, ০৩]

ক. ১৯১৪ সালে খ. ১৮৯৯ সালে গ. ১৭৭৮ সালে ঘ. ১৮৭২ সালে

২২. **বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম শুরু হয় কত সালে?** [খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক, ০৩]

ক. ১৯৭৬ খ. ১৯৭৯ গ. ১৯৯০ ঘ. ১৯৯১

২৩. **পল্লী উন্নয়নকল্পে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি কবে চালু হয়?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা, ০৬]

ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৫ সালে

২৪. **প্রথম মহিলা জাতীয় অধ্যাপকের নাম-** [বে.শি.নিবন্ধন-১০]

ক. ড. নীলিমা ইব্রাহিম খ. ড. সুফিয়া আহম্মেদ
গ. ড. শায়লা সুলতানা ঘ. ড. তাহমিনা খানম

২৫. **বাংলাদেশে কোনটি নিরক্ষরমুক্ত জেলা?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব, ০৬]

ক. ময়মনসিংহ খ. রংপুর গ. পঞ্চগড় ঘ. লালমনিরহাট

২৬. **কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠিত হয়-** [চবি 'F-2' 15-16]

ক. ১৯৬২ সালে খ. ১৯৬৯ সালে গ. ১৯৭২ সালে ঘ. ১৯৭৪ সালে

**উত্তরমালা**


| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪. খ | ১৫. ক | ১৬. গ | ১৭. খ | ১৮. ঘ | ১৯. খ | ২০. ঘ | ২১. ক |
| ২২. ঘ | ২৩. গ | ২৪. খ | ২৫. ঘ | ২৬. গ | | | |



Scanned with CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## প্রতিষ্ঠার ধারাবাহিক প্রেক্ষাপট





১৯০৫ সালে বঙ্গ প্রদেশকে বিভক্ত করে 'পূর্ববাংলা ও আসাম' নামে একটি নতুন প্রদেশ সৃষ্টি করা হয় যা ইতিহাসে **বঙ্গভঙ্গ** নামে পরিচিত। কিন্তু **১৯১১** সালে বঙ্গভঙ্গ রদ করলে পূর্ব বাংলার মুসলমানদের মধ্যে অসন্তুষ্টি দেখা দেয়।





**১৯১২** সালে ঢাকার নবাব **স্যার সলিমুল্লাহর** নেতৃত্বে এ কে ফজলুল হক ও নবাব সৈয়দ নওয়াব আলী চৌধুরী বঙ্গভঙ্গ রদের ক্ষতিপূরণ হিসেবে এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানান।




পূর্ব বাংলার মুসলমানদেরকে সন্তুষ্ট করার লক্ষ্যে **১৯১২** সালে **লর্ড হার্ডিঞ্জ** ঢাকায় আসেন এবং ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেন। সে লক্ষ্যে **১৯১২** সালে ব্যারিস্টার রবার্ট নাথানের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়, যা 'নাথান কমিশন' নামে পরিচিত। এই কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার একটি রূপরেখা তৈরী করেন।




প্রথম বিশ্বযুদ্ধের কারণে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় প্রতিবন্ধকতা দেখা দিলে **১৯১৭** সালে **সৈয়দ নওয়াব আলী চৌধুরী** তৎকালীন ব্রিটিশ-ভারতের আইন সভা 'ইমপেরিয়াল লেজিসলেটিভ কাউন্সিলে' ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও নিবন্ধনের জন্য আইন প্রণয়নের উদ্দেশ্যে একটি বিল উত্থাপন করেন। পরে বিলটি 'ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট **১৯২০**' নামে পাস হয়।




**১৯১৭** সালে ইংরেজ সরকার আরেকটি কমিটি গঠন করেন, যার প্রধান ছিলেন মাইকেল স্যাডলার। এটি 'স্যাডলার কমিশন' নামে পরিচিত। স্যাডলার কমিশনের অন্যতম সদস্য ছিলেন লন্ডন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক রেজিস্টার **স্যার ফিলিপ জোসেফ (পি. জে.) হার্টস**। এই 'স্যাডলার কমিশন' তাদের রিপোর্ট প্রদান করে **১৯১৯** সালে।




**১৯২০ সালের ১ ডিসেম্বর পি. জে. হার্টসকে উপাচার্য হিসেবে নিয়োগ দিয়ে ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় তার আনুষ্ঠানিক যাত্রা শুরু করে।**



Scanned with CamScanner

## নাথান কমিশন

- গঠিত হয়- ১৯১২ সালে।
- সদস্য- ১৩ জন।
- প্রধান ছিলেন- ব্যারিস্টার রবার্ট নাথান।
- অন্যতম সদস্য ছিলেন- নওয়াব আলী চৌধুরী।
- সদস্যপদ পেয়েও প্রত্যাখ্যান করেন- রবীন্দ্রনাথ ঠাকুর।
- 'ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট' পাস হয়- ১৯২০ সালে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়- ১ জুলাই, ১৯২১ সালে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন- লর্ড হার্ডিঞ্জ।

- নাথান কমিশন রিপোর্ট প্রদান করে- ১৯১৩ সালে।
- দিল্লির বিধান সভায় রিপোর্ট পাশ হয়- ১৯২০ সালে।



নাথান কমিশন

**ভুল নয় সঠিক তথ্য জানুন:** বাজারের প্রচলিত কোন কোন বইয়ে নাথান কমিশনের সদস্য দেয়া আছে ১৪ জন; তথ্যটি ভুল। প্রকৃতপক্ষে নাথান কমিশনের সদস্য ছিল ১৩ জন। যার মধ্যে মুসলিম সদস্য ছিলেন ৪ জন।
*[তথ্যসূত্র: উইকিপিডিয়া, বাংলাপিডিয়া ও প্রথম আলো]*

## ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকালীন উল্লেখযোগ্য ব্যক্তি


### নবাব সলিমুল্লাহ

- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাবক।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য জমি দান করেন।
- তার নামে ঢাবিতে একটি হল রয়েছে।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সলিমুল্লাহ মুসলিম হল হাসপাতাল হিসেবে ব্যবহৃত হয়েছে।



### সৈয়দ নবাব নওয়াব আলী চৌধুরী

- টাঙ্গাইলের ধনবাড়ীর জমিদার ছিলেন।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার একজন অন্যতম প্রস্তাবক।
- নাথান কমিশনের সদস্য ছিলেন।
- ঢাবিতে তার নামে একটি সিনেট ভবন রয়েছে।



নওয়াব আলী সিনেট ভবন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন সময়ে...

- **ব্রিটিশ সম্রাট-** পঞ্চম জর্জ।
- **ব্রিটিশ প্রধানমন্ত্রী-** ডেভিড লয়েড জর্জ।
- **বড় লাট (ভাইসরয়)-** লর্ড রিডিং।
- **ভারত সচিব-** এডউইন স্যামুয়েল মনটেগ।
- **বাংলার গভর্নর-** লরেনস ডানডাস।
- **রাজনৈতিক দল-** লিবারেল দল (ব্রিটেন)।



Scanned with CamScanner

## প্রতিষ্ঠাকালীন তথ্য

- অনুষদ ছিল- ৩ টি (কলা, বিজ্ঞান ও আইন)।
- বিভাগ ছিল- ১২ টি।
- শিক্ষক ছিলেন- ৬০ জন।
- ছাত্র-ছাত্রী ছিল- ৮৭৭ জন।
- ছাত্রী ছিল- ১ জন (লীলা নাগ)।
- হল ছিল- ৩ টি (শহীদুল্লাহ হল, সলিমুল্লাহ মুসলিম হল ও জগন্নাথ হল)।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী ও অধ্যাপিকা

| | |
|---|---|
| <br>দেশব্রতী লীলা নাগ | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী<br>• ১৯২১ সালে ইংরেজি বিভাগে এম. এ ক্লাসে ভর্তি হন এবং ১৯২৩ সালে ডিগ্রি অর্জন করেন।<br>• কলকাতা বেথুন কলেজ থেকে ইংরেজিতে বি.এ অনার্স পাস করেন।<br>• পৈত্রিক নিবাস সিলেটে।<br>• শিক্ষাগত সাফল্যের জন্য **'পদ্মাবতী'** পুরস্কার পান। |
| <br>ফজিলাতুন্নেসা জোহা | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম ছাত্রী এবং ইডেন কলেজের সাবেক অধ্যক্ষ।<br>• গণিত বিভাগের ছাত্রী ছিলেন।<br>• বাঙালী মুসলিম ছাত্রী হিসেবে তিনিই প্রথম উচ্চ শিক্ষার জন্য বিদেশে গমণ করেন।<br>• ফজিলাতুন্নেসা জোহা'র বিদেশ গমন উপলক্ষে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম **"বর্ষা বিদায়"** কবিতাটি লিখেন। |
| <br>করুনা কণা গুপ্তা | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মহিলা লেকচারার।<br>• ইতিহাস বিভাগের শিক্ষক ছিলেন।<br>• পরবর্তীতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ছেড়ে কলকাতা বেথুন কলেজে চলে যান। |
| <br>শ্রীমতি চারুপমা বসু | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় মহিলা শিক্ষক।<br>• ইংরেজি বিভাগের শিক্ষক ছিলেন।<br>• ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সংসদের প্রথম সভাপতি ছিলেন। |



Scanned with CamScanner

## ডাকসু (DUCSU)

- ডাকসু (DUCSU)- ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।
- DUCSU- Dhaka University Cenrtral Students' Union.
- বাংলাদেশের দ্বিতীয় সংসদ বলা হয়- ডাকসুকে।
- ডাকসু প্রতিষ্ঠিত হয়- ১৯২৪ সালে।
- প্রথম ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল- ১৯২৪ সালে।
- ডাকসুর প্রথম ভিপি ও জিএস যথাক্রমে- মমতাজ উদ্দিন আহমেদ ও যোগেন্দ্রনাথ দত্ত।
- শিক্ষার্থীদের ভোটে নির্বাচিত ডাকসুর প্রথম ভিপি ছিলেন- এস এ বারী।
- ডাকসুর একমাত্র নারী ভিপি ছিলেন- মাহফুজা খানম।

## সমাবর্তন

- ইংরেজি প্রতিশব্দ- Convocation.
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়- ১৯২৩ সালে।
- স্বাধীনতার পর প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়- ১৯৯৯ সালে।

<u>ভুল নয় সঠিক তথ্য জানুন:</u> স্বাধীনতার পর প্রথম সমাবর্তন হওয়ার কথা ছিল ১৯৭৫ সালের ১৫ আগস্ট। বঙ্গবন্ধুর সেখানে উপস্থিত থাকার কথা ছিল। কিন্তু ১৫ আগস্ট ভোরে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করায় ১৫ আগস্ট সমাবর্তন অনুষ্ঠিত হয়নি। স্বাধীনতার পর প্রথম সমাবর্তন হয়েছে ১৯৯৯ সালে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম ও শ্লোগান

- ◆ ঢাবির বর্তমান মনোগ্রামটি চালু আছে- ১৯৭৩ সাল হতে।
- ◆ ঢাবির মনোগ্রামে লেখা আছে- শিক্ষাই আলো।
- ◆ ঢাবির সর্বশেষ মনোগ্রামটির শিল্পী- সমরজিৎ রায় চৌধুরী।
- ◆ ঢাবির বর্তমান শ্লোগান- শিক্ষাই আলো।
- ◆ ঢাবির নীতিবাক্য (Motto)- সত্যের জয় সুনিশ্চিত (Truth will Prevail)।





বিভিন্ন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম




Scanned with CamScanner

## ঢাবিতে যাদের কবর রয়েছে


| ঢাবিতে আলোচিত ব্যক্তিত্বের কবর রয়েছে- ৭ জনের। | |
|---|---|
| ➢ এ. কে ফজলুল হক<br>➢ খাজা নাজিমুদ্দীন<br>➢ হোসেন শহিদ সোহরাওয়ার্দী<br>➢ কাজী নজরুল ইসলাম | ➢ জয়নুল আবেদিন<br>➢ কামরুল হাসান<br>➢ ড. মোহাম্মদ শহীদুল্লাহ |




**কাজী নজরুল ইসলামের কবর**
কেন্দ্রীয় মসজিদের সাথে




**জয়নুল আবেদিনের কবর**
কেন্দ্রীয় মসজিদের সাথে



**কামরুল হাসানের কবর**
কেন্দ্রীয় মসজিদের সাথে



**তিন নেতার মাজার**
দোয়েল চত্বরের পাশে তিন নেতার মাজার; যেখানে শায়িত আছেন খাজা নাজিমুদ্দীন, হোসেন শহিদ সোহরাওয়ার্দী ও এ. কে. ফজলুল হক।



**ড. মুহম্মদ শহীদুল্লাহর কবর**
ড. মুহম্মদ শহীদুল্লাহ ১৯৬৯ সালে মারা গেলে ঐ একই বছরে তাঁর সম্মানার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঢাকা হল'-এর নাম পরিবর্তন করে 'শহীদুল্লাহ হল' রাখা হয়।

## ঢাবিতে সমাধিসৌধ

- **ঢাবিতে সমাধিসৌধ রয়েছে- ৩টি।**
  - ➢ তিন নেতার মাজার (স্থপতি- মাসুদ আহমেদ)।
  - ➢ বুদ্ধিজীবী সমাধি সৌধ (স্থপতি- মাযহারুল ইসলাম)।
  - ➢ ড. মোহাম্মদ শহীদুল্লাহ্র কবর।
- **ঢাবি মসজিদ প্রাঙ্গনের সমাধিসৌধটি পরিচিত-** বুদ্ধিজীবী সমাধিসৌধ নামে।
- **ফজলুল হক, খাজা নাজিমুদ্দীন ও সোহ্রাওয়ার্দীর কবর রয়েছে-** তিন নেতার মাজারে।
- **ড. মোহাম্মদ শহীদুল্লাহ এর কবর রয়েছে-** শহীদুল্লাহ হল গেটে।

BTO B—22



Scanned with CamScanner

## ঢাবিতে উল্লেখযোগ্য ভাস্কর্য, ভাস্কর ও অবস্থান

| ভাস্কর্যের নাম | অবস্থান | ভাস্কর |
|---|---|---|
| অপরাজেয় বাংলা | কলাভবনের সামনে | সৈয়দ আব্দুল্লাহ খালেদ |
| স্বোপার্জিত স্বাধীনতা | টিএসসি চত্বরে | শামীম শিকদার |
| দোয়েল চত্বর | কার্জন হলের সামনে | আজিজুল জলিল পাশা |
| স্বাধীনতা সংগ্রাম | ফুলার রোড | শামীম শিকদার |
| ক্যাকটাস | ঢাকা বিশ্ববিদ্যালয় | হামিদুজ্জামান |
| মা ও শিশু | মুজিব হল | নভেরা আহমেদ |
| নারী, শিশু ও পুরুষ | ঢাকা বিশ্ববিদ্যালয় | নভেরা আহমেদ |
| স্বামী বিবেকানন্দ | জগন্নাথ হল | শামীম শিকদার |
| বেগম রোকেয়া ভাস্কর্য | রোকেয়া হল | হামিদুজ্জামান খান |
| সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্য | টিএসটি চত্বর | শ্যামল চৌধুরী |


### ঢাবিতে উল্লেখযোগ্য স্থাপত্য

- ঢাকা গেট
- নিমতলী গেট
- মুসা খানের মসজিদ
- পি.জে হার্টস ইন্টারন্যাশনাল হল

মুসা খানের মসজিদ আছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের ভেতরে

### কার্জন হল

- অবস্থান- ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- নির্মাতা- লর্ড কার্জন।
- নির্মাণকাল- ১৯০৪ সাল।



### মুক্তি ও গণতন্ত্র তোরণ



মুক্তি ও গণতন্ত্র তোরণ এর নকশা প্রণয়ন করেন স্থপতি রবিউল হুসাইন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীলক্ষেত সংলগ্ন প্রবেশমুখে অবস্থিত 'মুক্তি ও গণতন্ত্র তোরণ' গেটটি। এটি 'ঢাকা তোরণ' নামেও পরিচিত। মুক্তি ও গণতন্ত্র তোরণের স্থপতি রবিউল হোসাইন। মুক্তি ও গণতন্ত্র তোরণে লেখা রয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের একটি কবিতার অংশ-

*"মুক্ত-কণ্ঠে স্বাধীন বিশ্বে
উঠিতেছে ঐকতান-
জয় নিপীড়ি প্রাণ!
জয় নব অভিযান
জয় নব উত্থান।"*




Scanned with CamScanner

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম

| | |
|---|---|
| প্রথম ভিসি ছিলেন | পি. জে হার্টস |
| প্রথম মুসলমান ও উপমহাদেশের প্রথম ভিসি | স্যার এ. এফ রহমান |
| প্রথম বাঙালি ভিসি | স্যার এ. এফ রহমান |
| ছাত্র হিসেবে প্রথম ভিসি | সৈয়দ মোয়াজ্জেম হোসেন |
| প্রথম চ্যান্সেলর | লর্ড ডানডাস (আর্ল অব রোনাল্ডসে) |
| প্রথম ডক্টর অব লজ ডিগ্রি লাভকারী | লর্ড ডানডাস |
| সংস্কৃত ও বাংলা বিভাগের প্রথম অধ্যক্ষ | হরপ্রসাদ শাস্ত্রী |
| প্রথম ডক্টর অব সায়েন্স ডিগ্রি লাভকারী | চন্দ্রশেখর ভেক্টর রমন |
| প্রথম ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভকারী | হরপ্রসাদ শাস্ত্রী |
| প্রথম মরণোত্তর ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভকারী | ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ |
| ঢা.বি হতে প্রথম পি.এইচ.ডি ডিগ্রি লাভকারী | বিনয় ঘোষ |
| প্রথম সমাবর্তন বক্তা ছিলেন | জর্জ আর. বুলওয়ার লিটন |
| প্রথম রেজিস্টার | খান বাহাদুর নাজির উদ্দিন |
| প্রথম ছাত্রী | দেশব্রতী লীলা নাগ |
| প্রথম মুসলিম ছাত্রী | ফজিলাতুন্নেসা জোহা |
| প্রথম প্রো-ভিসি | মফিজুল্লাহ কবির |
| প্রথম নারী প্রো-ভিসি | জিন্নাতুন নেসা তাহমিদা বেগম |
| প্রথম নারী ডীন ছিলেন | বেগম আজিজুন্নেসা |
| প্রথম প্রো-ভিসি পদ সৃষ্টি করা হয় | ১৯৭৬ সালে |
| প্রথম একাডেমিক ক্যালেন্ডার চালু হয় | ১৯৯৩ সালে |
| প্রথম সমাবর্তন হয় | ১৯২৩ সালে |
| প্রথম ডাকসু নির্বাচন হয় | ১৯২৪ সালে |
| স্বাধীনতার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন | ১৯৯৯ সালে |






Scanned with CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য কয়েকজন ভি.সি.

| | |
|---|---|
| <br>স্যার পি.জে. হার্টস | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি।<br>• লন্ডন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক রেজিস্টার ছিলেন।<br>• ১৯২০ সালের ১ ডিসেম্বর পি.জে. হার্টসকে উপাচার্য হিসেবে নিয়োগ দিয়ে ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক যাত্রা শুরু। |
| <br>অধ্যাপক জি এইচ ল্যাংলি | • ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ভিসি।<br>• সর্বাধিক সময় ভিসি ছিলেন। |
| <br>স্যার এ.এফ রহমান | • তৃতীয় ভিসি এবং প্রথম বাঙালি ভিসি ছিলেন।<br>• উপমহাদেশের প্রথম ভিসি।<br>• প্রথম মুসলিম ভিসি। |
| <br>আর. সি. মজুমদার | • চতুর্থ ভিসি ছিলেন।<br>• পূর্ণনাম- রমেশচন্দ্র মজুমদার।<br>• একজন প্রখ্যাত ইতিহাসবিদ ছিলেন।<br>• "আর. সি. মজুমদার মিলনায়তন" নামে ঢাবিতে একটি মিলনায়তন রয়েছে। |
| <br>সৈয়দ মোয়াজ্জেম হোসেন | • ষষ্ঠ ভিসি ছিলেন।<br>• ভাষা আন্দোলনকালীন ভিসি ছিলেন।<br>• ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসেবে প্রথম ভিসি। |
| <br>ড. মাহমুদ হোসেন | • দশম ভিসি ছিলেন।<br>• তাঁর ভাই ড. জাকির হোসেন ভারতের প্রথম মুসলিম প্রেসিডেন্ট ছিলেন। |



Scanned with CamScanner



বিচারপতি আবু সাঈদ চৌধুরী

- ১২ তম ভিসি ছিলেন
- মুক্তিযুদ্ধকালীন ভিসি ছিলেন
- সাংবিধানিক প্রথম রাষ্ট্রপতি ছিলেন
- তাঁর বিখ্যাত বই "প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলি" (১৯৯০)।

**নোট: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির মেয়াদ ৪ বছর**

## বিভিন্ন সময়ে ভিসি

- **ভাষা আন্দোলনকালীন ভিসি-** সৈয়দ মোয়াজ্জেম হোসেন
- **মুক্তিযুদ্ধকালীন ভিসি-** বিচারপতি আবু সাঈদ চৌধুরী
- **৬৯'এর গণঅভ্যুত্থানকালীন ভিসি-** বিচারপতি আবু সাঈদ চৌধুরী
- **৯০'এর গণঅভ্যুত্থানকালীন ভিসি-** মনিরুজ্জামান মিয়া
- **বঙ্গবন্ধুকে বহিষ্কার করেন-** সৈয়দ মোয়াজ্জেম হোসেন
- **জিল্লুর রহমানকে বহিষ্কার করেন-** সৈয়দ মোয়াজ্জেম হোসেন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্ত বুদ্ধির চর্চা

- **বাঙালি মুসলমান সমাজে মুক্ত বুদ্ধির চর্চা তথা বুদ্ধির মুক্তি আন্দোলনের সূত্রপাত ঘটে-** ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল ইউনিয়ন কক্ষ হতে।
- **মুসলিম সাহিত্য সমাজ প্রতিষ্ঠিত হয়-** ১৯২৬ সালে মুসলিম হল ইউনিয়ন কক্ষে।
- **মুসলিম সাহিত্য সমাজের বার্ষিক মুখপত্র ছিল-** শিখা নামক পত্রিকাটি।
- **শিখা পত্রিকাটির মুখবাণী ছিল-** জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।
- **মুসলিম সাহিত্য সমাজের মূলমন্ত্র ছিল-** বুদ্ধির মুক্তি।
- **মুসলিম সাহিত্য সমাজের প্রথম বার্ষিক সম্মেলন উদ্বোধন করেন-** ১৯২৭ সালে কাজী নজরুল ইসলাম।





বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সাম্প্রতিক বিষয়ে সর্বোচ্চ প্রস্তুতির জন্য পড়ুন-

**"সাম্প্রতিক ক্যাপসুল"**

"সাম্প্রতিক ক্যাপসুল" সিরিজের বইগুলো (১-৪টা) ঢাবি ভর্তি পরীক্ষার ৩-৪ মাস আগ থেকে ঢাবি'র ভর্তি পরীক্ষা পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

## তথ্য তরঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়

- **কার্জন হল অবস্থিত-** ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- **কার্জন হল প্রতিষ্ঠিত হয়-** ১৯০৪ সালে।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্লোগান-** শিক্ষাই আলো।
- **হরপ্রসাদ শাস্ত্রী অধ্যক্ষ ছিলেন-** বাংলা বিভাগের।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর (আচার্য)-** লর্ড ডানডাস।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর-** পি. জে (ফিলিপ যোসেফ) হার্টস।
- **১৯৪৭ সালের প্রাদেশিক সরকারের আইনসভা ছিল-** ঢাবির জগন্নাথ হলে।
- **ভাষা আন্দোলনে ঢাবির যে ছাত্র শহিদ হন-** বরকত।
- **বঙ্গভঙ্গের পর পূর্ব বাংলা গভর্নরের কার্যালয় ছিল-** জগন্নাথ হলে।
- **বিশ্ববিদ্যালয় এ্যাক্ট প্রণীত হয়-** ১৯৭৩ সালের।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম মুসলিম ভিসি-** স্যার এ. এফ রহমান (৩য়)।
- **গ্রিক মন্যুমেন্ট অবস্থিত-** TSC তে।
- **TSC ও চারুকলা প্রতিষ্ঠিত হয়-** ১৯৬১ সালে।
- **বিরল প্রজাতির তালিপাম গাছ আছে-** ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- **ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় জমি দান করেন-** নওয়াব আলী চৌধুরী ও নবাব সলিমুল্লাহ্।
- **ঢাকা বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়-** ১৯৭৩ সালে।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা আন্দোলনের সূত্রপাত হয়-** ১৭ সেপ্টেম্বর, ১৯৬২ সালে।
- **মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে দার্শনিক শহিদ হন-** অধ্যাপক গোবিন্দচন্দ্র দেব (দর্শন বিভাগ)।
- **মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে নরহত্যা চালানো হয়-** জগন্নাথ হলে এবং ইকবাল হলে।
- **ইকবাল হলের বর্তমান নাম-** জহুরুল হক হল।
- **ঢাকা বিশ্ববিদ্যালয় হতে প্রথম নারী ডক্টরেট ডিগ্রি প্রাপ্ত-** ড. নীলিমা ইব্রাহিম।
- **বিদ্যানহর অবস্থিত-** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস অনুষদ ভবনে।
- **প্রতিটি সরকারি বিশ্ববিদ্যালয়ের আচার্য থাকেন-** রাষ্ট্রপতি।
- **রোকেয়া হলের পূর্ব নাম ছিল-** চামেলি হাউজ।
- **রোকেয়া হল নামকরণ করা হয়-** ১৯৬৪ সালে।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলে নির্মান করা হয়েছে-** ঐতিহাসিক ৭ মার্চ ভবন।
- **১৯৫২ সালে ভাষা আন্দোলনে শহিদ হন-** ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র বরকত।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা আন্দোলনের সূত্রপাত ঘটে-** ১৭ সেপ্টেম্বর, ১৯৬২ সালে।
- **ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম পি.এইচ.ডি ডিগ্রী লাভ করেন-** বিনয় ঘোষ (১৯২২)।
- **ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম নারী ডক্টরেট ডিগ্রী লাভ করেন-** ড. নীলিমা ইব্রাহিম।
- **বঙ্গভঙ্গের পর পূর্ব বাংলার আইনসভা ছিল-** জগন্নাথ হল।



Scanned with CamScanner

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য শিক্ষক

| | | | |
|---|---|---|---|
| <br>সত্যেন্দ্রনাথ বোস<br>পদার্থ বিজ্ঞান বিভাগ | <br>স্যার এ এফ রহমান<br>ইতিহাস বিভাগ | <br>সত্যেন বোস<br>বাংলা বিভাগ | <br>হরপ্রসাদ শাস্ত্রী<br>বাংলা বিভাগ |
| <br>সরদার ফজলুল করিম<br>দর্শন | <br>ড. মাকসুদুল আলম<br>জেনেটিক্স ইঞ্জিনিয়ারিং | <br>ড. আবুল হুসসাম<br>রসায়ন | <br>হুমায়ূন আহমেদ<br>রসায়ন |
| <br>ড. আহমদ শরীফ<br>বাংলা | <br>ড. নীলিমা ইব্রাহিম<br>বাংলা | <br>নুরুল মোমেন<br>আইন | <br>আবুজাফর ওবায়দুল্লাহ<br>ইংরেজি |
| <br>হুমায়ুন আজাদ<br>বাংলা | <br>আবু হেনা মোস্তফা কামাল<br>বাংলা | <br>আনোয়ার পাশা<br>বাংলা | <br>কাজী মোতাহার হোসেন<br>পদার্থ/পরিসংখ্যান |

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য ছাত্র

| | | | |
|---|---|---|---|
| <br>রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ<br>বাংলা বিভাগ | <br>শামসুর রাহমান<br>ইংরেজি বিভাগ | <br>বুদ্ধদেব বসু<br>ইংরেজি বিভাগ | <br>ড. মুহম্মদ ইউনূস<br>অর্থনীতি বিভাগ |

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. বার ভূঁইয়াদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় কার সমাধি রয়েছে? [DU খ' ২৪-২৫]
ক. ঈশা খাঁ　খ. মুসা খাঁ　গ. উসমান খাঁ　ঘ. ফজল গাজী

০২. ঢাকা বিশ্ববিদ্যালয়ে শতবর্ষের প্রথম গবেষণা প্রকাশনা মেলা অনুষ্ঠিত হয় — সালে। [DU খ' ২২-২৩]
ক. ২০২২　খ. ২০২১　গ. ২০২০　ঘ. ২০১৯

০৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন তিনটি অনুষদ হলো- [DU খ' ২১-২২]
ক) কলা, বিজ্ঞান ও আইন　খ) কলা, বাণিজ্য ও জীববিজ্ঞান
গ) কলা, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান　ঘ) কলা, বিজ্ঞান ও বাণিজ্য

০৪. ১৯২১ সালে কয়টি অনুষদ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে? (DU ঘ' ২০-২১)
ক) ২　খ) ৩　গ) ৪　ঘ) ১২

০৫. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যার গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল- (DU খ' ২০-২১)
ক) ধীরেন্দ্রনাথ দত্ত　খ) মওলানা মোহাম্মদ আকরম খাঁ
গ) আবুল হাশিম　ঘ) নবাব নওয়াব আলী চৌধুরী

০৬. ঢাকা বিশ্ববিদ্যালয় কবি কাজী নজরুল ইসলামকে ডি.লিট.ডিগ্রী প্রদান করে- [ DU ঘ' ১৯-২০]
ক) ১৯৭২ সালে　খ) ১৯৭৩ সালে　গ) ১৯৭৪ সালে　ঘ) ১৯৭৮ সালে

০৭. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'- যে আন্দোলনের স্লোগান- DU খ' ১৯-২০]
ক) ভাষা আন্দোলন　খ) শিক্ষা আন্দোলন
গ) বুদ্ধির মুক্তি আন্দোলন　ঘ) গণনাট্য আন্দোলন

০৮. '৭ মার্চ ভবন'– বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। [DU খ' ১৮-১৯]
ক) রাজশাহী　খ) খুলনা　গ) জগন্নাথ　ঘ) ঢাকা

০৯. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি উপাচার্য কে ছিলেন? [DU ঘ' ১৮-১৯]
ক) স্যার এ এফ রহমান　খ) ড. রমেশচন্দ্র মজুমদার
গ) ড. মাহমুদ হাসান　ঘ) বিচারপতি মুহাম্মদ ইব্রাহিম

১০. সত্যেন্দ্রনাথ বোস ছিলেন একজন- [DU খ' ১৬-১৭]
ক. অর্থনীতিবিদ　খ. চিকিৎসক　গ. সমাজবিজ্ঞানী　ঘ. পদার্থবিদ

১১. কোন ব্রিটিশ ভাইসরয় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন? [DU খ' ১১-১২; ঘ' ১৫-১৬]
ক. লর্ড মিন্টো　খ. লর্ড কার্জন　গ. লর্ড হার্ডিঞ্জ　ঘ. লর্ড চেমসফোর্ড

১২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়? [DU খ' ১৭-১৮]
ক. ১৯২৩　খ. ১৯২৪　গ. ১৯২৫　ঘ. ১৯২৬

১৩. স্যার পি জে হার্টস ইন্টারন্যাশনাল হল অবস্থিত- [DU ঘ' ০৮-০৯]
ক. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে　খ. হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে
গ. কলকাতা বিশ্ববিদ্যালয়ে　ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে

১৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন প্রাক্তন উপাচার্য ভারতের এক প্রাক্তন রাষ্ট্রপতির ভাই? [DU খ' ০৭-০৮]
ক. ড. মাহমুদ হোসেন　খ. স্যার এ এফ রহমান
গ. ড. আর সি মজুমদার　ঘ. বিচারপরি আবু সাঈদ চৌধুরী

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ক | ৩. ক | ৪. খ | ৫. ঘ | ৬. গ | ৭. গ | ৮. ঘ |
| ৯. ক | ১০. ঘ | ১১. গ | ১২. ক | ১৩. ঘ | ১৪. ক | | |



Scanned with CamScanner

১৫. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী- [DU খ' ০৯-১০/ DU ঘ' ১৫-১৬]
ক. লীলা নাগ খ. ইলা মিত্র গ. সুলতা ঘোষ ঘ. ফজিলাতুন্নেসা

১৬. লর্ড কার্জন কবে 'কার্জন হল' এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন? [DU ঘ' ১৪-১৫]
ক. ১৯০৬ সালের ১৪ ফেব্রুয়ারি খ. ১৯০৪ সালের ১৪ ফেব্রুয়ারি
গ. ১৯১৪ সালের ১৪ ফেব্রুয়ারি ঘ. ওপরের কোনোটিই নয়

১৭. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন কত সালে অনুষ্ঠিত হয়? [DU ঘ' ১২-১৩]
ক. ১৯২৩ খ. ১৯২৪ গ. ১৯২৫ ঘ. কোনটিই নয়

১৮. ১৯৭৪ সালে কোন ব্যক্তিকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'ডক্টর অব লিটারেচার' ডিগ্রি দেয়া হয়? [DU ঘ' ১৩-১৪]
ক. স্যার যদুনাথ সরকার খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. কবি কাজী নজরুল ইসলাম ঘ. সৈয়দ মোয়াজ্জেম হোসেন

১৯. কোন ব্যক্তি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন? [DU খ' ইউনিট-১৪-১৫]
ক. অমর্ত্য সেন খ. জ্যোতি বসু গ. সত্যজিৎ রায় ঘ. বুদ্ধদেব বসু

২০. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন কোন বিজ্ঞানী? [DU ঘ' ১৪-১৫]
ক. জগদীশচন্দ্র বসু খ. সত্যেন্দ্রনাথ বোস গ. আব্দুস সালাম ঘ. আব্দুল কাদির

২১. নিচের কোন দিবসটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'কালো দিবস' হিসেবে পালিত হয়? [DU খ' ১৫-১৬]
ক. ২৩ আগস্ট খ. ২৫ আগস্ট গ. ২৫ মার্চ ঘ. ১৩ মার্চ

২২. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন মুসলিম নেতার অবদান উল্লেখযোগ্য? [থানা শিক্ষা অফিসার, ০৪]
ক. এ কে ফজলুল হক খ. হোসেন শহিদ সোহরাওয়ার্দী
গ. স্যার সৈয়দ আহমদ খান ঘ. স্যার সলিমুল্লাহ

২৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ে কার নামে বোস চেয়ার প্রতিষ্ঠিত হয়েছিল? [DU খ' ৯৯-০০]
ক. সুভাষ বসু খ. সত্যেন্দ্রনাথ বোস গ. বুদ্ধদেব বসু ঘ. জগদীশ বসু

## বি সি এস

২৪. ঢাকা বিশ্বদ্যিালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন? [41 BCS]
ক. নওয়াব আবদুল লতিফ খ. স্যার সৈয়দ আহমেদ
গ. নওয়াব স্যার সলিমুল্লাহ ঘ. খাজা নাজিমুদ্দিন

২৫. ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রমৃত্যুর প্রতিবাদে কোন উপাচার্য পদত্যাগ করেছিলেন? [41 BCS]
ক. স্যার এ.এফ. রহমান খ. রমেশচন্দ্র মজুমদার
গ. সৈয়দ সাজ্জাদ হোসায়েন ঘ. বিচারপতি আবু সাঈদ চৌধুরী

২৬. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে? [31, 29, 22, 10 BCS]
ক. ১৯০৫ সালে খ. ১৯১১ সালে গ. ১৯৩৫ সালে ঘ. ১৯২১ সালে

২৭. ঢাকা বিশ্ববিদ্যালয়ের আচার্য কে? [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক, ০৫]
ক. প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. স্পিকার ঘ. প্রধান বিচারপতি

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫. ক | ১৬. ঘ | ১৭. ক | ১৮. গ | ১৯. ঘ | ২০. খ | ২১. ক | ২২. ঘ |
| ২৩. খ | ২৪. গ | ২৫. ঘ | ২৬. ঘ | ২৭. খ | | | |



Scanned with CamScanner

# দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

- বাংলাদেশের দ্বিতীয় বিশ্ববিদ্যালয়।
- স্যাডলার কমিশনের (১৯১৭) রিপোর্টের ভিত্তিতে ১৯৫৩ সালের ৬ জুলাই এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।
- **প্রথম ভি.সি ছিলেন-** ইসরাত হোসেন জুবেরী।
- **যাত্রাকালে শিক্ষক ছিল-** ১৬১ জন।
- **শিক্ষক ছিলেন-** ড. মুহম্মদ শহীদুল্লাহ, ড. এনামুল হক, বিচারপতি হাবিবুর রহমান এবং হাসান আজিজুল হক।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

- **প্রতিষ্ঠিত হয়-** ১৯৬৬ সালের ১৮ নভেম্বর।
- **অবস্থিত-** চট্টগ্রাম জেলার হাটহাজারী থানার জোবরা গ্রামে।
- **প্রথম ভিসি ছিলেন-** আজিজুর রহমান মল্লিক।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

- **প্রতিষ্ঠিত হয়-** ১৯৭০ সালে।
- **দেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয় এবং প্রথম নাম ছিল-** জাহাঙ্গীরনগর মুসলিম বিশ্ববিদ্যালয়।
- **প্রতিষ্ঠাকালে বিভাগ ছিল-** ৪টি এবং ছাত্র-ছাত্রী ছিল- ১৫০ জন।
- **প্রথম ভিসি ছিলেন-** ড. মফিজ উদ্দিন আহমেদ।
- **কবি সৈয়দ আলী আহসান ছিলেন-** ভিসি।
- সবচেয়ে উঁচু শহিদ মিনারটি অবস্থিত এখানে।
- **বিখ্যাত ভাস্কর্য-** সংসপ্তক এবং অমর একুশে।

## খুলনা বিশ্ববিদ্যালয়

- **প্রতিষ্ঠিত-** ১৯৮৭ সালের ৪ জানুয়ারি। ময়ূরী নদীর তীরে।
- **একাডেমিক ভাবে যাত্রা-** ১৯৯১ সালের ২৫ নভেম্বর।
- দেশের একমাত্র রাজনীতিমুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৮০ জন ছাত্র-ছাত্রী নিয়ে যাত্রা।
- **প্রথম ভিসি ছিলেন-** ড. গোলাম আলী ফকির।



Scanned with CamScanner

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

- **প্রতিষ্ঠিত-** ১৯৮৬ সালে ২৫ আগস্ট
- **একাডেমিক ভাবে যাত্রা- ১৯৯১ সালে ১৪ ফেব্রুয়ারি।**
- বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হলেও এখানে ব্যবসায় শিক্ষা, সামাজিক বিজ্ঞান এবং কলা অনুষদ রয়েছে।

## বুয়েট

- **বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) প্রতিষ্ঠিত হয়- ১৯৬২ সালের ১ জুন।**
- **অবস্থিত-** ঢাকার পলাশীতে। **প্রথম ভিসি ছিলেন-** ড. এম. এ রশীদ।

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

- **প্রতিষ্ঠিত হয়-** ১৮ আগস্ট, ১৯৬১ সালে।
- **অবস্থিত-** ময়মনসিংহ। **প্রথম ভিসি হলেন-** ড. ওসমান গণি।

## অন্যান্য বিশ্ববিদ্যালয়


- **জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-** ১৯৯২ সালে।
- **জাতীয় বিশ্ববিদ্যালয় অবস্থিত-** গাজীপুরে।
- **উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-** ১৯৯২ সালে।
- **রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়-** শাহজাদপুর, সিরাজগঞ্জে।

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

- **প্রতিষ্ঠাকাল-** ১৬ ডিসেম্বর, ১৯৭২।
- **সদস্য-** ৩ জন (একজন চেয়ারম্যান ও দুইজন সদস্য)।
- **কমিশনের সদস্যদের নিয়োগ দেন-** শিক্ষামন্ত্রী।
- **উদ্দেশ্য-** বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার চাহিদা নিরূপন ও উচ্চশিক্ষার উন্নয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি।




**রাজশাহী বিশ্ববিদ্যালয়**
**দেশের দ্বিতীয় বিশ্ববিদ্যালয়**



**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
**দেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয়**



Scanned with CamScanner

# এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. সরকার কোথায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে? [DU ঘ' ১৪-১৫]
ক. শাহজাদপুর, সিরাজগঞ্জ
খ. শেরপুর, বগুড়া
গ. কুমারখালী, কুষ্টিয়া
ঘ. ভালুকা, ময়মনসিংহ

## বি সি এস

০২. উপমহাদেশীয়দের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর- [25, 10 BCS]
ক. ড. রমেশচন্দ্র মজুমদার
খ. ড. মাহমুদ হাসান
গ. সৈয়দ মোয়াজ্জেম হাসান ঘ. স্যার এ এফ রহমান

০৩. রাজশাহী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয় কোন সালে? [13 BCS]
ক. ১৯৫২ সালে খ. ১৯৫৩ সালে গ. ১৯৬৭ সালে ঘ. ১৯৬৮ সালে

০৪. কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বপ্রথম উপাচার্য কে ছিলেন? [19 BCS]
ক. ড. এস ডি চৌধুরী
খ. ড. কাজী ফজলুর রহিম
গ. ড. ওসমান গণি
ঘ. অধ্যাপক মোসলেহ উদ্দিন

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

০৫. কোন সালে ঢাকা মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয়? [MC 24-25]
ক. ১৯৪৫ খ. ১৯৩৫ গ. ১৯৫২ ঘ. ১৯৪৬

০৬. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে? [রাবি-সামাজবিজ্ঞান, ০৭-০৮]
ক. মমতাজ উদ্দিন
খ. সাজ্জাদ হোসেন
গ. শামসুল হক
ঘ. ইসরাত হোসেন জুবেরী

০৭. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কোন সালে প্রতিষ্ঠিত হয়? [চবি-খ, ০৬-০৭/চবি 'F-2' 15-16]
ক. ১৯২১ খ. ১৯৫২ গ. ১৯৬৬ ঘ. ১৯৭১

০৮. বাংলাদেশের প্রথম কৃষি বিশ্ববিদ্যালয়টি এই শহরে অবস্থিত- [BRC Senior Officer, 99]
ক. দিনাজপুর খ. চট্টগ্রাম গ. বরিশাল ঘ. ময়মনসিংহ

০৯. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়? [জাহাবি-ইতিহাস, ০৯-১০]
ক. ১৯৭১ সালে খ. ১৯৭০ সালে গ. ১৯৭২ সালে ঘ. ১৯৬৯ সালে

১০. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) প্রতিষ্ঠিত হয়- [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অ্যাসিস্টেন্ট]
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫০ সালে গ. ১৯৬১ সালে ঘ. ১৯৬২ সালে

১১. উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কত সালে? [পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর-০৬]
ক. ১৯৯১ সালে খ. ১৯৯২ সালে গ. ১৯৯৩ সালে ঘ. ১৯৯৬ সালে

১২. জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কত সালে? [জাবি-মানবিক, ০৩-০৪]
ক. ১৯৯০ সালে খ. ১৯৯২ সালে গ. ১৯৮৮ সালে ঘ. ১৯৮৭ সালে

১৩. জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত? [প্রাথমিক শিক্ষক, ৯৪]
ক. রাঙ্গুনিয়া খ. সাভারে গ. ধামরায় ঘ. গাজীপুরে

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. ঘ | ৩. খ | ৪. গ | ৫. ঘ | ৬. ঘ | ৭. গ | ৮. ঘ |
| ৯. খ | ১০. ঘ | ১১. খ | ১২. খ | ১৩. ঘ | | | |



Scanned with CamScanner

# বাংলাদেশের চিকিৎসা ব্যবস্থা

## EPI

- পরিচয়- সম্প্রসারিত টিকাদান কর্মসূচি।
- EPI- Expanded Programme on Immunization.
- বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO) কর্তৃক কার্যক্রম- টিকাদান কর্মসূচি।
- EPI কর্মসূচিতে বর্তমানে টিকা দেয়া হয়- ১০টি রোগের।

| রোগের নাম | টিকার নাম | |
|---|---|---|
| যক্ষ্মা | **BCG** (Bacille Calmette Guerin) | |
| পোলিও | **OPV** (Oral Poliovirus Vaccine)<br>**IPV** (Inactivated Poliovirous Vaccine) | |
| নিউমোনিয়া | **PCV** (Pneumococcal Conjugate Vaccine) | |
| হাম ও রুবেলা | **MR** (Measles and Rubella Virus Vaccine) | |
| ধনুষ্টংকার | **TT** (Tetanus Toxoid) | |
| ডিপথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার | **DTT** | পেন্টাভ্যালেন্ট |
| হেপাটাইটিস বি | হেপাটাইটিস বি | |
| হিমোফাইলাস-বি ইনফ্লুয়েঞ্জা | হিব | |

## জীবনতরী

- জীবনতরী- বাংলাদেশের প্রথম ভাসমান হাসপাতাল (১৯৯৯ সাল)।
- লক্ষ্য- উপকূলীয় এলাকা এবং চরাঞ্চলের মানুষের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।
- ভাসমান হাসপাতাল হলো- জাহাজের উপর প্রতিষ্ঠিত দাতব্য চিকিৎসা কেন্দ্র।
- যে সংস্থার তত্ত্বাবধানে যাত্রা শুরু করে- IFB (Impact Foundation Bangladesh)।

## সূর্যের হাসি নেটওয়ার্ক

- মা ও শিশুর স্বাস্থ্য সেবার প্রতীক- সূর্যের হাসি।
- যে প্রতিষ্ঠানের অর্থায়নে পরিচালিত- USAID (যুক্তরাষ্ট্র)।
- লক্ষ্য- দারিদ্র্যের সেবা নিশ্চিত করতে সুলভ মূল্যে সেবা প্রদান; এছাড়া মা ও শিশু মৃত্যু প্রতিরোধ করা।

## USAID

- USAID- United States Agency for International Development.
- প্রতিষ্ঠা- ১৯৬১ সালে।
- সদরদপ্তর- ওয়াশিংটন ডি.সি।



Scanned with CamScanner

## গণস্বাস্থ্য কেন্দ্র

- গণস্বাস্থ্য কেন্দ্র- স্বাধীন বাংলাদেশের প্রথম স্বাস্থ্য কেন্দ্র বা হাসপাতাল।
- পূর্বনাম- বাংলাদেশ ফিল্ড হসপিটাল।
- প্রতিষ্ঠা- ১৯৭১ সালে।
- প্রতিষ্ঠাতা- জাফরুল্লাহ চৌধুরী।

## আরো জানতে হবে

- জাতীয় স্বাস্থ্য নীতি প্রণীত হয়েছে- ২০১১ সালে।
- বাংলাদেশের মানসিক রোগীদের জন্য হাসপাতাল আছে- ২টি (পাবনা ও ঢাকা)।
- ট্রমা সেন্টার হলো- দুর্ঘটনাজনিত কারণে আহতদের চিকিৎসার্থে মহাসড়কের পাশে নির্মিত চিকিৎসা কেন্দ্র।
- ট্রমা সেন্টারে চিকিৎসা দেওয়া হয়- হাড় ভাঙ্গা রোগীদের।
- বাংলাদেশ থেকে সম্পূর্ণরূপে নির্মূল করা সম্ভব হয়েছে- পোলিও।
- বাংলাদেশকে পোলিওমুক্ত ঘোষণা করে যে সংস্থা- WHO.
- WHO বাংলাদেশকে পোলিওমুক্ত ঘোষণা করে- ২৭ মার্চ, ২০১৪ সালে।

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

০১. যক্ষ্মার জন্য যে টিকা দেওয়া হয়- [DU খ ২২-২৩]
ক. বিসিজি খ. ওপিভি গ. এমআর ঘ. টিটি

০২. বাংলাদেশ বহুমূত্র সমিতির প্রতিষ্ঠাতা- [DU খ ৯৮-৯৯]
ক. আলমগীর কবীর খ. নুরুল ইসলাম
গ. ড. মুহম্মদ ইউনূস ঘ. ড. মোহাম্মদ ইব্রাহিম

০৩. বাংলাদেশের প্রথম মোবাইল (ভাসমান) হাসপাতালের নাম কী? [DU ঘ ২১-২২]
ক. জীবনতরী খ. রকেট গ. শান্তি ঘ. কোনোটিই নয়

০৪. 'সূর্যের হাসি' কিসের প্রতীক? [বেরোবি ক ১৬-১৭]
ক. রেড ক্রিসেন্টের খ. হলি ফ্যামিলি হাসপাতালের
গ. মা ও শিশু স্বাস্থ্যের ঘ. পল্লীমঙ্গল সমিতির

০৫. গণস্বাস্থ্যের প্রতিষ্ঠাতা কে? [ইবি গ ১৩-১৪]
ক. ডা. জাফরুল্লাহ খ. স্যার ফজলে হাসান আবেদ
গ. ড. মুহাম্মদ ইউনূস ঘ. রেজওয়ানা হাসান

০৬. বাংলাদেশ সরকার সম্প্রসারিত টিকাদান কর্মসূচি প্রকল্পে সাহায্যদানকারী সংস্থা নিচের কোনটি? [জাককানইবি ঘ ১৫-১৬]
ক. WHO খ. Save The Children গ. CARE ঘ. UNICEF

০৭. বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি শুরু হয়- [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার- ১৩]
ক. ১৯৭৮ সালে খ. ১৯৭৯ সালে গ. ১৯৮১ সালে ঘ. ১৯৮৯ সালে

০৮. ইপিআই কর্মসূচির মাধ্যমে প্রতিরোধযোগ্য রোগের সংখ্যা কয়টি? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী- ১০]
ক. ৭টি খ. ৬টি গ. ৯টি ঘ. ১০টি

০৯. ২১ মার্চ, ২০১৫ বাংলাদেশে টিকাদান কর্মসূচিতে কোন টিকা যুক্ত হয়? [বেরোবি গ ১৪-১৫]
ক. রুবেলা খ. ডিপথেরিয়া গ. হাম ঘ. নিউমোনিয়া

**উত্তরমালা**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. ঘ | ৩. ক | ৪. গ | ৫. ক | ৬. ক | ৭. খ | ৮. ঘ | ৯. ঘ |



Scanned with CamScanner